

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০৫১.১৮.৩১

তারিখ: ৫ মাঘ ১৪২৬

১৯ জানুয়ারি ২০২০

বিষয়: পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলাধীন ভান্ডারিয়া শাহাবুদ্দিন ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ এর শূণ্য পদে ডি.জি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন বিষয়ে প্রয়োজনীয় কাগজ-পত্র ও তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) ভান্ডারিয়া শাহাবুদ্দিন ফাজিল মাদ্রাসার স্মারক নং-অধ্যক্ষ/নি:/২০১৯ ১৫৬ তারিখ: ১৯.০৫.২০১৯খ্রি:।

(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর- ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০৫১.১৮.৪৪০ তারিখ: ০১.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ভান্ডারিয়া শাহাবুদ্দিন ফাজিল মাদ্রাসা কর্তৃক সূত্রোক্ত স্মারকে বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ (শূণ্য) পদে মহাপরিচালক (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর) মহোদয় মনোনিত প্রতিনিধি চেয়ে একটি আবেদন এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি যাচাই করা হয়েছে। আবেদনটি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্র ও তথ্যাদি চেয়ে সূত্রোক্ত ২নং স্মারকে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৩. কিন্তু আজোবধি দাপ্তরিকভাবে চাহিত তথ্য পাওয়া যায়নি। Unofficially কিছু তথ্য পাওয়া গেলেও নিম্নোক্ত তথ্য পাওয়া যায়নি-

(ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং ইসলামি ও আরবি বিশ্ব বিদ্যালয় কর্তৃক প্রকাশিত বিগত তিন বছরের ফলাফল কপি।

(খ) ইসলামি ও আরবি বিশ্ব বিদ্যালয় কর্তৃক প্রদত্ত হালনাগাদ অধিভুক্তির নবায়ন কপি।

(গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত হালনাগাদ স্বীকৃতি নবায়ন কপি।

০৩. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ভান্ডারিয়া শাহাবুদ্দিন ফাজিল মাদ্রাসা কর্তৃক ডি.জি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন বিষয়ক আবেদনটি নিষ্পত্তির জন্য উপরিউক্ত কাগজ-পত্র ও তথ্যাদি (দাপ্তরিকভাবে দাখিল পাওয়া) প্রয়োজন।

০৪. এমতাবস্থায় পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলাধীন ভান্ডারিয়া শাহাবুদ্দিন ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ এর শূণ্য পদে ডি.জি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন বিষয়ে উপরিউক্ত কাগজ-পত্র ও তথ্যাদি এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-১-২০২০

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ভান্ডারিয়া শাহাবুদ্দিন ফাজিল মাদ্রাসা,
ভান্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০৫১.১৮.৩১/১(৫)

তারিখ: ৫ মাঘ ১৪২৬

১৯ জানুয়ারি ২০২০

সংস্কৃতিক পরিচালক
আঃ উদ্দিন
১৯-১১-১৯



- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
 - ২) উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল।
 - ৩) জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
 - ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালুকিয়া, পিরোজপুর।
 - ৫) অফিস, কাটা
- সদস্য অবগতি ও কার্যমুখে প্রেরণ করা হল: